



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২১৩

বিষয়: গভার্ণিং বডির দাতা সদস্য পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: (১) বামাশিবো এর স্মারক নং-বামাশিবো/প্রশা/330221188781/63237/নথি নং- 130 তারিখ: 20-06-2022 খ্রিঃ

(২) জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা এর স্মারক নং-05.44.8700.023.01.002.19.152-281; তারিখ: 24/04/2023 খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন জি. ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসায় সূত্রোক্ত ১ নং স্মারকে গভার্ণিং বডি অনুমোদন দেয়া হয়। উক্ত গভার্ণিং বডির দাতা সদস্য জনাব মোঃ হাবিবুর রহমান কে বিধি মোতাবে উক্ত নির্বাচিত করা হয়নি মর্মে জনাব এ, এফ, এম রেজাউল হাসান খান অত্র বোর্ডে এবং জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর অভিযোগ দায়ের করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা হতে ২নং স্মারকে প্রতিবেদন বোর্ডে দাখিল করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ২ এর দফা (ছ)(আ) অনুযায়ী দাতা সদস্য নির্বাচিত হতে হলে, বিদ্যমান কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ১৮০ দিন পূর্বে উক্ত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে নগদ অথবা চেকের মাধ্যমে এককালীন বিশ হাজার টাকা দান করার বিধান থাকলেও দাতা সদস্য জনাব মোঃ হাবিবুর রহমানের টাকা জমা দানে যথাযথ বিধি অনুসরণ করা হয়নি এবং টাকা জমাদানের কোনো রশিদ পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায়, বিধি মোতাবেক দাতা সদস্য নির্বাচিত না করায় অনুমোদিত গভার্ণিং বডির দাতা সদস্য পদ কেন বাতিল করা হবে তার জবাব ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

২০-০৯-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, জি. ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা;
- ২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, জি. ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা এবং
- ৩। জনাব মোঃ হাবিবুর রহমান, দাতা সদস্য, গভার্ণিং বডি, জি. ফুলবাড়ী দরগাহ শরীফ আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২১৩/১(৫)

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা;
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা এবং
- ৫। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।





২০-০৯-২০২৩  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার